গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলাবো, নরসিংদী

স্মারক নং:- ০৫.৩০.৬৮০৭.০০১.৯৯.০০১.২৪- ৫০

তারিখ: ১৬ মাঘ ১৪৩০বঙ্গাব্দ / ৩০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

## বেলাবো উপজেলার ০৭টি হাট বাজারের ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

বেলাবো উপজেলার হাট-বাজার সমূহ ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত (এক বছর) সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্ত সর্বসাধারণের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রের শর্তসংবলিত ফরম/সিডিউল দরপত্র দাখিলের জন্য নির্ধারিত তারিখের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, নরসিংদী, সহকারী কমিশনার (ভূমি), বেলাবো, নরসিংদী, সোনালী ব্যাংক, বেলাবো বাজার শাখা, বেলাবো থানা ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সমূহ দরপত্র দাখিলের নির্ধারিত দিন সকাল ০৯.০০ টা হতে ১.০০ টা পর্যন্ত জেলা প্রশাসক, নরসিংদী ও নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে ফেলা যাবে এবং ঐ দিনই বেলা ২.৩০ মিনিটে উপস্থিত দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। দরদাতাকে খামের উপর হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র ফরম/সিডিউল বিক্রি করা হবে না। নিম্নবর্ণিত হাট-বাজারের ক্যালেন্ডার মোতাবেক ১ম তারিখে যে সমস্ত হাট-বাজারের দরপত্র গৃহীত হবে না, দ্বিতীয় তারিখে শুধুমাত্র সে সকল হাট-বাজারের দরপত্র গ্রহণ করা হবে। একই নিয়মে ৩য়, ৪র্থ বারের জন্য দরপত্র গ্রহণ করা হবে। এজন্য পৃথকভাবে কোন দরপত্র বিজ্ঞপ্তি জারি করা হবে না। আগ্রহী দরদাতাগণকে বিস্তারিত জানার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

## ১৪৩১ বাংলা সনে বেলাবো উপজেলার ইজারাযোগ্য হাট-বাজার সমুহের পূর্ণাঙ্গ ক্যালেন্ডার

| ক্র: নং | বাজারের নাম | ইউনিয়নের নাম | ০৬% বৃদ্ধিতে সরকারী মূল্য | সিডিউল মূল্য |
|---|---|---|---|---|
| ১. | বেলাব বাজার | বেলাব | ১৬,৪৪,০৬০/- | ৩,৭০০/- |
| ২. | নারায়নপুর বাজার | নারায়নপুর | ৩৯,২৩,৭৬৫/- | ৮,৩০০/- |
| ৩. | বারৈচা বাজার | চর উজিলাব | ১৮,৪৪,৭১৮/- | ৪,১০০/- |
| ৪. | পোড়াদিয়া বাজার | পাটুলী | ৭৪,৯৬,০৩৭/- | ১৫,৩০০/- |
| ৫. | আমলাব বাজার | আমলাব | ১,৮৭,০১৯/- | ১,০০০/- |
| ৬. | দুলালকান্দী বাজার | নারায়নপুর | ৪৩,৩৫৪/- | ৫০০/- |
| ৭. | রাধাখালী বাজার | বিন্নাবাইদ | ৪২,৮০৬/- | ৫০০/- |

দরপত্র বিক্রি, গ্রহণ ও খোলার সময়সূচি

| পর্যায় | দরপত্র বিক্রির শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের শেষ তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম পর্যায় | ১৯.০২.২০২৪, বিকাল ৫.০০ টা | ২০.০২.২০২৪, দুপুর ১.০০টা | ২০.০২.২০২৪, দুপুর ২.৩০ টা |
| ২য় পর্যায় | ০৪.০৩.২০২৪, বিকাল ৫.০০টা | ০৫.০৩.২০২৪, দুপুর ১.০০ টা | ০৫.০৩.২০২৪ দুপুর ২.৩০টা |
| ৩য় পর্যায় | ১৯.০৩.২০২৪, বিকাল ৫.০০টা | ২০.০৩.২০২৪, দুপুর ১.০০ টা | ২০.০৩.২০২৪, দুপুর ২.৩০ টা |
| ৪র্থ পর্যায় | ০৩.০৪.২০২৪, বিকাল ৫.০০ টা | ০৪.০৪.২০২৪, দুপুর ১.০০ টা | ০৪.০৪.২০২৪, দুপুর ২.৩০ টা |

## ১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারা শর্তাবলী

১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ শে চৈত্র ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন রাষ্ট্রায়াত্ত ব্যাংক হতে পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বেলাবো, নরসিংদী এর অনুকূলে জমা দিতে হবে। এর অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে। দরপত্র গৃহীত হলে উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে।

৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সাথে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের মধ্য হতে সবোর্চ্চ দর গ্রহণ করা হবে এবং প্রাপ্ত সবোর্চ্চ দর যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর বিধি মোতাবেক নির্ধারিত সরকারি মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদান কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অর্ন্তভূক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল রেট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত)টাকার নন- জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। হাট-বাজারের ইজারার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত সকল বিধি-বিধান কার্যকর হবে।

৩০/০১/২০২৪

মোঃ মতিউর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বেলাবো, নরসিংদী।

স্মারক নং: ০৫.৩০.৬৮০৭.০০১.৯৯.০০১.২৩- ৮0

তারিখ: ১৬ মাঘ ১৪৩০বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও ( প্রযোজ্য ক্ষেত্রে) কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। জনাব নূরুল মজিদ মাহমুদ হুমায়ুন, এমপি, মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নরসিংদী।
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার অধিশাখা, নরসিংদী।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলাবো, নরসিংদী।
০৫। উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর/মনোহরদী/শিবপুর/পলাশ/রায়পুরা, নরসিংদী।
০৬। সহকারী কমিশনার (ভূমি), বেলাবো, নরসিংদী। **(অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)**
০৭। অফিসার ইনচার্জ, বেলাবো থানা, বেলাবো, নরসিংদী
০৮। উপজেলা........................ কর্মকর্তা, বেলাবো, নরসিংদী। **(কমিটির সদস্য হিসেবে দরপত্র দাখিলের তারিখে উপস্থিত থেকে সার্বিক কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হল)**
০৯। সাব-রেজিস্টার, বেলাবো, নরসিংদী
১০। চেয়ারম্যান (সকল)...................... ইউনিয়ন পরিষদ, বেলাবো, নরসিংদী। **(দরপত্র দাখিলের তারিখে উপস্থিত থাকা এবং বহুল প্রচারের জন্য অনুরোধ করা হল)।**
০৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.................................ইউনিয়ন ভূমি অফিস, বেলাবো, নরসিংদী। **(তাকে তার ইউনিয়নের হাট-বাজারে ঢোল-সহরতের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য)।**
১০। সভাপতি, ................................বাজার পরিচালনা কমিটি, বেলাবো, নরসিংদী।
১১।জনাব................................ইজারাদার......................বাজার, বাংলা ১৪২৮/ ১৪২৯/ ১৪৩০ সন
১২। অফিস কপি।

30/01/2024

মোঃ মতিউর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বেলাবো, নরসিংদী।